

বরাবর

চেয়ারম্যান

জাতীয় মানবাধিকার কমিশন বাংলাদেশ

বিটিএমসি ভবন (৯ম তলা)

৭-৯, কারওয়ান বাজার,

ঢাকা-১২১৫।

বিষয়: কর্তনকৃত টাকা ফেরত প্রসঙ্গে।

মহোদয়,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি নিম্নস্বাক্ষরকারী চাকুরী হইতে অবসরে যাওয়ায়, অবসরের চূড়ান্ত বিল হইতে নিরীক্ষার সুবাদে কর্তৃপক্ষ ৮০,৭৮৪/- (আশি হাজার সাতশত চুরাশি) টাকা অন্যায়াভাবে কর্তন করত: ও উক্ত টাকা ফেরত প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়ে আপনার বরাবরে গত ২৬-১০-২০১৭ তারিখে আবেদন করিলে কমিশনের স্মারক নং- এন এইচ আর সিবি/অভিযোগ/২৪০/১৭-৮৬৮(২) তারিখ ১৬-১১-২০১৭ এর মাধ্যমে তিতাস কর্তৃপক্ষ বরাবরে বিষয়টির সমাধানের জন্য পত্র যোগাযোগ শুরু করা হইয়া থাকে।

অত:পর এরই ধারাবাহিকতায় আপনার কমিশনের একনিষ্ঠ প্রচেষ্টার ফলে আমার উক্ত আপত্তি ইতিমধ্যে “বাণিজ্যিক অডিট অধিদপ্তর” কর্তৃক নিষ্পত্তি করা হইয়াছে এবং তিতাস কর্তৃপক্ষ যথারীতি আমার কর্তনকৃত টাকা ফেরত প্রদান করিয়াছেন (জারি পত্র সংযুক্ত) সদয় দেখা যাইতে পারে।

বিশেষভাবে উল্লেখ্য যে, কর্তৃপক্ষ কর্তৃক আমার অবসরের পাওনা অর্থ হইতে অন্যায়াভাবে টাকা কর্তন ও তা ফেরত প্রদানের জন্য আপনার কমিশনের হস্তক্ষেপ কামনা এবং কর্তনকৃত টাকা ফেরত পাওয়ায় আমি “জাতীয় মানবাধিকার কমিশন”এর নিকট আন্তরিকভাবে কৃতজ্ঞতা পোষণ করছি। এ সংঙ্গে প্রত্যাশা করি যে, অবহেলিত এবং অধিকার বঞ্চিতরা ঠিক এমনিভাবে যেন আপনার কমিশনের মাধ্যমে তাদের খর্বকৃত অধিকার ফেরত পাওয়ার মাধ্যমে নিজেদের অধিকার প্রতিষ্ঠা লাভ করতে পারে।

ধন্যবাদান্তে.

তারিখ: ১৭-১২-২০১৮

সংযুক্ত : ৪ (চার) কপি পত্রের অনুলিপি।

আপনার বিশ্বস্ত

(মোঃ ভোজাম্মেল হোসেন)

(উপ-ব্যব: অব: ০০৬৮৬)

তিতাস গ্যাস টিএলডি কোং লি:

১০৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ

কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

মোবা: ০১৭১১-৩১২৭৩৬